# প্রবাস উপাখ্যান

মুহাম্মদ ইছমাইল

প্রবাস উপাখ্যান
**মুহাম্মদ ইছমাইল**

প্রথম প্রকাশ: জুলাই ২০১৮
দ্বিতীয় প্রকাশ: ফেব্রুয়ারি ২০২৪
স্বত্ব: মুহাম্মদ ইছমাইল

প্রকাশক
**রাশেদুল হাসান**

প্রচ্ছদ
**ফরিদী নুমান**

বইনামা প্রকাশন

probash Upakhan- by Muhammed Ismail
First Published February 2018
Published Boinama Prokashon

ISBN: 252-12-35-25

**অনলাইন পরিবেশক**
www.boinama.com

উৎসর্গ

প্রিয় বাবা এবং বিশ্বের নানা প্রান্তে বসবাসকারী বাংলাদেশি সকল প্রবাসীদের। যারা, দিনরাত অক্লান্ত শ্রম ও কষ্টের বিনিময়ে দেশে থাকা স্বজনদের মুখে হাসি ফোটাচ্ছেন।



# সূচিপত্র


| | |
|---|---|
| প্রবাসে যেভাবে সফল হবেন | ৭ |
| উচ্চশিক্ষায় প্রবাসীর সন্তানদের কোটা থাকা উচিত | ১৪ |
| রমজান প্রেক্ষিত আমিরাত ও বাংলাদেশ | ১৬ |
| অবিশ্বাসের প্রবাস বনাম বাস্তবতা | ১৯ |
| মধ্যপ্রাচ্য প্রবাসীদের বিয়ে বিড়ম্বনা | ২৩ |
| প্রবাসী বাবার লাশ প্রবাসেই থাকুক | ২৬ |
| নারী ভিসার আড়ালে পতিতাবৃত্তি | ২৯ |
| মধ্যপ্রাচ্যে সফলতার জন্য আরবি ভাষা শিখুন | ৩৪ |
| স্বজনদের কল্পনা বনাম বাস্তবতা | ৪০ |
| ঝলমলে দুবাইয়ের ভিন্ন রুপ | ৪৬ |
| ৮০ টাকা বেতনের স্কুল শিক্ষক ও আমার অনুপ্রেরণা | ৫০ |
| স্বাধীনতা আর কত দূর | ৫২ |
| প্রবাসের ঈদ ও কষ্টের ঢেঁকুর উঠা একদিন | ৫৪ |
| শূন্যতার প্রবাস… | ৫৭ |
| অনুকরণ হতে পারে দুবাইয়ের ‘ড্রাইভিং লাইসেন্স’ প্রদান পদ্ধতি | ৫৯ |
| প্রবাসের খোলা চিঠি | ৬৩ |

## লেখকের কথা

২০০৯ সালে আরব আমিরাতে আসার পর প্রবাসীদের করুণ-নির্মম জীবন দেখে যে মনোবাসনা তৈরি হয়েছিল বিভিন্ন সময়ে পত্রিকা, ম্যাগাজিন বা সাময়িকীতে লেখার মাধ্যমে সেসব বাস্তবতা তুলে ধরার চেষ্টা করেছি। প্রবাস ও প্রবাসীদের বাস্তবতা নিয়ে প্রকাশিত নির্বাচিত লেখা সমুহের সংকলন এ বইটি।

প্রবাসে প্রতিটি মানুষের জীবনই এক একটা গল্প। যে গল্পের বাস্তবতা কল্পনা বা রূপকথাকেও হার মানাবে। সীমাহীন কষ্ট করে নিজে খেয়ে না খেয়ে পরিবারকে সাবলম্বী করতে যারা নিরলস কাজ করে যাচ্ছেন তাদের খোঁজই বা ক'জনে রাখেন। যাদের জন্য সীমাহীন কষ্ট আর ভালবাসা ত্যাগ করে



প্রবাসী! সময়মতো চাহিদা পূরণে ব্যর্থ হলে অনেকের ঘাড়ে আসে অবিশ্বাসের কলঙ্ক! নিম্নআয়ের নির্মাণশ্রমিকদের মানবেতর জীবন-যাপনের বাস্তবচিত্র তুলে ধরার পাশাপাশি নারী শ্রমিকদের সমস্যা, বিভিন্ন উৎসব আয়োজনে স্বজনদের শূন্যতা, পরিবারের জন্য অনেক প্রবাসীর ফেরারি জীবনসহ প্রবাসীদের নানাবিধ সমস্যা নিয়ে বর্ণনা করেছি। মূলত বইটিতে মধ্যপ্রাচ্যে বসবাসকারী প্রবাসীদের জীবনচিত্র আলোকপাত করার চেষ্টা করেছি।

দেশীয় অর্থনীতির অন্যতম উৎস প্রবাসীদের পাঠানো রেমিটেন্স হলেও প্রবাসীরা রাষ্ট্রীয়ভাবে যেমন সঠিক মূল্যায়ন পায় না ঠিক তেমনিভাবে পরিবারের ভরণ-পোষণের একমাত্র অবলম্বন হলেও টাকার প্রয়োজন ছাড়া স্বজনরা প্রবাসীকে মনে রাখে না। যা সত্যিই দুঃখজনক।

প্রবাসীদের সম্পর্কে দেশের অনেকের ধারণা-প্রবাসী মানে অশিক্ষিত বা অর্ধশিক্ষিত এক নির্মাণ শ্রমিক। যার ফলে দেশে গিয়ে বিয়ে বিড়ম্বনার শিকার হন অনেক প্রবাসী শিক্ষিত যুবক। অথচ, প্রবাসে রয়েছে প্রচুর শিক্ষিত জনশক্তি। যারা বিশ্বের নামীদামি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা পেশাসহ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মালিক।

প্রবাস কষ্টের হলেও অধম্য ইচ্ছা থাকলে সফল হওয়া যায়। যার ফলে অনেকে বিদেশ যেতে ইচ্ছুক। তাই কিভাবে জীবনযাপন করলে প্রবাসে সফলতা আসবে তা বর্ণনার চেষ্টা করেছি বইটিতে। বইটি বিদেশগমনেচ্ছু প্রবাসীদের সহায়ক হবার পাশাপাশি প্রবাসীদের সম্পর্কে খারাপ ধারণা পোষণকারীদের মানসিক ধারণায় পরিবর্তন আনবে আশাকরি।

- *মুহাম্মাদ ইছমাইল*